| 76 | D | 77 | C | 78 | B | 79 | D | 80 | B |
| 81 | C | 82 | C | 83 | C | 84 | C | 85 | C |

86. মূল্যবোধ কী?
A. সামাজিক আচার-আচরণের সমষ্টি
B. সমাজের মানুষের কার্যাবলি
C. রাষ্ট্রীয় আইনের প্রতি আনুগত্যবোধ
D. ব্যক্তির মৌলিক বৈশিষ্ট্য

87. আইনের প্রধান উৎস কোনটি?
A. প্রথা B. ধর্ম C. ন্যায়বোধ D. আইনসভা

88. আইনের অনুশাসন কথাটি প্রথম কে ব্যবহার করেন?
A. সি.এফ. স্ট্রং B. অধ্যাপক ডাইসি
C. অধ্যাপক গেটেল D. অধ্যাপক গার্নার

89. স্বাধীনতার সবচেয়ে গুরুত্বপূর্ণ রক্ষাকবচ কোনটি?
A. শক্তিশালী রাজনৈতিক দল B. সামাজিক গোষ্ঠী
C. সদাজাগ্রত জনমত D. অর্থনৈতিক সাম্য

90. কেউ বেকার না থাকা কোন ধরনের স্বাধীনতা?
A. রাজনৈতিক B. অর্থনৈতিক C. প্রাকৃতিক D. আইনগত

91. কোন স্বাধীনতা ছাড়া রাজনৈতিক স্বাধীনতা মূল্যহীন?
A. সামাজিক B. সাংস্কৃতিক
C. অর্থনৈতিক D. ধর্মীয়

92. লর্ড ব্রাইসের মতে কয়টি কারণে মানুষ আইন মেনে চলে?
A. ৩ B. ৫ C. ৭ D. ৯

93. সামাজিক স্বাধীনতা হলো-
A. জীবনযাত্রার স্বাধীনতা B. সম্পত্তি ভোগের স্বাধীনতা
C. উপযুক্ত মজুরি লাভ D. জাতীয় স্বাধীনতা

94. যোগ্যতা অনুযায়ী পেশা নির্ধারণের জন্য কোন ধরনের সাম্য প্রতিষ্ঠিত হওয়া জরুরি?
A. অর্থনৈতিক B. রাজনৈতিক
C. সামাজিক D. প্রাকৃতিক

95. সংবিধানে মৌলিক অধিকারের সন্নিবেশ কোন ধরনের সাম্য রক্ষা করে?
A. আইনগত B. সামাজিক C. স্বাভাবিক D. ব্যক্তিগত

96. নিচের কোনটি স্বাধীনতাকে অর্থবহ করে তোলে?
A. সুশীল সমাজ B. ধর্ম C. আমলাতন্ত্র D. সাম্য

97. স্বাধীনতার রক্ষাকবচ কোনটি?
A. স্বাধীন বিচার বিভাগ B. দলীয়করণ
C. স্বজনপ্রীতি D. ক্ষমতার কেন্দ্রীকরণ

98. "An Introduction to the Law of the Constitution" গ্রন্থটির লেখক কে?
A. এরিস্টটল B. হব্স C. ডাইসি D. হল্যান্ড

99. কোনটি সরকারি আইন নয়?
A. ফৌজদারি আইন B. সাংবিধানিক আইন
C. আন্তর্জাতিক আইন D. প্রশাসনিক আইন

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 86 | A | 87 | D | 88 | B | 89 | C | 90 | B |
| 91 | C | 92 | B | 93 | A | 94 | A | 95 | A |
| 96 | D | 97 | A | 98 | C | 99 | C | | |

100. রাজনৈতিক মূল্যবোধের ভিত্তি কী?
A. সামাজিক রীতিনীতি B. নৈতিক মূল্যবোধ
C. রাজনৈতিক বিশ্বাস ও সংস্কৃতি চর্চা
D. অর্থনৈতিক কর্মকান্ড

101. নিচের কোনটি মূল্যবোধের উপাদান নয়?
A. সামাজিক ন্যায়বিচার B. সহনশীলতা
C. সহমর্মিতা D. জনমত

102. নিচের কোনটিকে স্বাধীনতার রক্ষাকবচ বলা হয়?
A. রাজতন্ত্র B. স্বৈরতন্ত্র
C. গণতন্ত্র D. একনায়কতন্ত্র

103. কোনটি আইনের উৎস নয়?
A. ধর্ম B. আইন সভা C. প্রথা D. আমলাতন্ত্র

104. নিচের কোনটি রাজনৈতিক সাম্যের উদাহরণ?
A. সর্বজনীন ভোটাধিকার
B. উৎপাদন ও বন্টনের ক্ষেত্রে বৈষম্য হ্রাস
C. আইনের দৃষ্টিতে সমতা D. ন্যায্য মজুরির নিশ্চয়তা

105. স্বাধীনতার অপরিহার্য শর্ত কী?
A. আইনের শাসন B. সহিষ্ণুতা
C. শক্তিশালী রাজনৈতিক দল D. দক্ষ আমলাতন্ত্র

106. সমাজে মানুষের কাজের ভালো-মন্দ বিচারের মানদন্ড কোনটি?
A. শ্রমের মর্যাদা B. আইনের শাসন
C. সামাজিক ন্যায়বিচার D. সামাজিক মূল্যবোধ

107. আইনের সর্বাপেক্ষা বিজ্ঞানসম্মত সংজ্ঞা কে দিয়েছেন?
A. এরিস্টটল B. অধ্যাপক হল্যান্ড
C. জন অস্টিন D. উড্রো উইলসন

108. মূল্যবোধ কোন ধরনের বিষয়?
A. মানসিক B. সামাজিক C. সাংস্কৃতিক D. রাজনৈতিক

109. পেশাগত দিক থেকে মূল্যবোধকে কয় ভাগে ভাগ করা যায়?
A. ৮ B. ৭ C. ৬ D. ৫

110. কোনটি রাজনৈতিক মূল্যবোধ?
A. শ্রমের মর্যাদা B. সত্য কথা বলা
C. আনুগত্য D. দানশীলতা

111. কোনটিকে সমাজ ও রাষ্ট্রের ভিত্তি বলা হয়?
A. নৈতিকতা B. সাম্য C. মূল্যবোধ D. আইন

112. সুশাসন নিশ্চিত করতে কীরূপ সরকার ব্যবস্থা প্রয়োজন?
A. গণতান্ত্রিক B. রাজতান্ত্রিক
C. একনায়কতান্ত্রিক D. স্বৈরতান্ত্রিক

113. কীসের মাধ্যমে সমাজজীবনে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়?
A. মূল্যবোধ B. নৈতিকতা C. প্রথা D. সুশাসন

114. হেদায়া ও আলমগিরী কী?
A. হিন্দু আইনগ্রন্থ B. মুসলিম আইনগ্রন্থ
C. রোমান আইনগ্রন্থ D. বৌদ্ধদের আইনগ্রন্থ

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 100 | C | 101 | D | 102 | C | 103 | D | 104 | A |
| 105 | A | 106 | D | 107 | D | 108 | B | 109 | A |
| 110 | C | 111 | C | 112 | A | 113 | D | 114 | B |

115. বাংলাদেশে পরিবার ও সম্পত্তি সংক্রান্ত আইনের উৎস কী?
A. প্রথা B. ধর্মগ্রন্থ
C. বিচার বিভাগ D. সামাজিক আইন

116. কোন লেখকদ্বয়ের লেখনী ফরাসি বিপ্লবকে অনুপ্রাণিত করেছিল?
A. প্লেটো ও রুশো B. প্লেটো ও এরিস্টটল
C. রুশো ও ভলতেয়ার D. শেক্সপিয়ার ও ভলতেয়ার

117. রাষ্ট্রের সর্বোচ্চ আইন কোনটি?
A. প্রশাসনিক আইন B. শাসনতান্ত্রিক আইন
C. পৌর আইন D. বেসরকারি আইন

118. নৈতিকতা কী?
A. অসৎ নীতি B. মূল্যবোধের ব্যবহার
C. নীতি সংক্রান্ত বিষয় D. সামাজিক ন্যায়বিচার

119. আইন ও নৈতিকতা কীরূপ?
A. পরিবর্তনশীল B. পরস্পর বিপরীতমুখী
C. স্থবির D. গতিশীল

120. কে সর্বপ্রথম আইন ও নৈতিকতার মধ্যে পার্থক্য তুলে ধরেন?
A. প্লেটো B. এরিস্টটল C. সক্রেটিস D. ম্যাকিয়াভেলি

121. আইন মানুষের কোন দিকটি নিয়ন্ত্রণ করে?
A. নৈতিকতা B. মূল্যবোধ
C. বাহ্যিক আচরণ D. রীতিনীতি

122. সাধারণত ইচ্ছেমতো কাজ করার ক্ষমতাকে কী বলে?
A. স্বাধীনতা B. কর্তব্য C. অধিকার D. সাম্য

123. অধ্যাপক লাস্কি স্বাধীনতাকে কয় ভাগে ভাগ করেছেন?
A. ২ B. ৩ C. ৪ D. ৫

124. সাম্য ব্যতীত কোনটি কার্যকর হতে পারে না?
A. মূল্যবোধ B. স্বাধীনতা C. জাতীয়তা D. নৈতিকতা

125. আইন কোনটির পূর্বশর্ত?
A. স্বাধীনতা B. সাম্য C. মূল্যবোধ D. জাতীয়তা

126. নিচের কোনটি গণতান্ত্রিক মূল্যবোধের সাংবিধানিক উপাদান?
A. ঐকমত্য B. ক্ষমতার স্বতন্ত্রীকরণ
C. সাম্য D. স্বাধীনতা

127. কোনটি নাগরিকের মর্যাদা বৃদ্ধি করে?
A. প্রথা B. লোকাচার
C. গণতান্ত্রিক মূল্যবোধ D. লোকরীতি

128. সুশাসন প্রতিষ্ঠার প্রধান শর্ত কী?
A. গণতান্ত্রিক মূল্যবোধের চর্চা B. সামাজিক মূল্যবোধের চর্চা
C. নৈতিক মূল্যবোধের চর্চা D. ধর্মীয় মূল্যবোধের চর্চা

129. অসাম্প্রদায়িক মূল্যবোধের প্রধান নিয়ামক কোনটি?
A. ধর্ম ও বর্ণের নির্দিষ্টতার প্রয়োগ নেই B. সকল মানুষ সমান
C. মানুষ সামাজিক জীব D. আইনের শাসন

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 115 | B | 116 | C | 117 | B | 118 | C | 119 | A |
| 120 | D | 121 | C | 122 | A | 123 | B | 124 | B |
| 125 | A | 126 | B | 127 | C | 128 | A | 129 | A |



CamScanner

# চতুর্থ অধ্যায়: ই-গভর্নেন্স ও সুশাসন

**'ই-গভর্নেন্স' (E-Governance) শব্দটি 'ইলেকট্রনিক গভর্নেন্স' (Electronic Governance)-এর সংক্ষিপ্ত রূপ।** অনেক সময় একে 'ডিজিটাল গভর্নেন্স', 'অনলাইন গভর্নেন্স' ও 'প্রযুক্তিচালিত গভর্ন্যান্স বা শাসন' নামেও অভিহিত করা হয়। **'ই-গভর্নেন্স' এর মূল লক্ষ্য বা উদ্দেশ্য হলো সুশাসন প্রতিষ্ঠা।** জাতিসংঘ, "সরকারি তথ্য ও সেবা ইন্টারনেট এবং ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবের মাধ্যমে জনগণের নিকট পৌছানোর ব্যবস্থাই হলো ই-গভর্নেন্স।"




- **যে সংস্থার অর্থায়নে Access to Information (A2i) প্রোগ্রাম চালু হয়-** ইউনেস্কো।
- **'ই-গভর্নেন্স' বলতে-** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং ইন্টারনেট ও কম্পিউটারভিত্তিক যোগাযোগ।
- **'ই-গভর্নেন্স' নিশ্চিত করে-** সরকার ও বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের মধ্যে 'দ্বিমুখী যোগাযোগ'।
- **বাংলাদেশে ডিজিটাল পদ্ধতির ওপর গুরুত্ব আরোপ করেছেন-** শেখ হাসিনার সরকার।
- **'ডিজিটাল বাংলাদেশ' ঘোষণা করা হয়-** ২০০৯ সালে।
- **ISP এর পূর্ণরূপ-** Internet Service Provider.

## ই-গভর্নেন্স-এর উদ্দেশ্য




ভারতের অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু E-Governance এর একজন সমর্থক ও সমঝদার রাজনীতিবিদ। তিনি 'ই-গভর্ন্যান্সকে' **'SMART Government'** বলে অভিহিত করেছেন।



❑ **চন্দ্রবাবু নাইডু'র মতে, SMART শব্দটির পূর্ণরূপ হলো-**




*অর্থাৎ, সহজ সরল, নৈতিক আদর্শপূর্ণ, জবাবদিহিমূলক, সংবেদনশীল বা দ্রুত সাড়া প্রদানকারী এবং কাজকর্মে স্বচ্ছ হয়।

## ই-গভর্নেন্স-এর কার্যক্রম

- বিভিন্ন তথ্য ইন্টারনেটের মাধ্যমে পাঠানো
- সরকার ও বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের মধ্যে দ্বিমুখী যোগাযোগ
- বিভিন্ন ধরনের লেনদেন পরিচালনা
- সরকার পরিচালনায় প্রত্যক্ষ অংশগ্রহণ
- 'জুম' বা ভার্চুয়াল মিটিং

## ই-গভর্নেন্স-এর বৈশিষ্ট্য

| | |
|---|---|
| ইলেক্ট্রনিক গভর্নেন্স | সরকারি বিভিন্ন দপ্তরের কর্মদক্ষতা বৃদ্ধি |
| অনলাইন গভর্নেন্স | দ্বিমুখী যোগাযোগ |
| প্রযুক্তিনির্ভর | লেনদেন পরিচালনা, ফরম জমা দেয়া |
| সেবার মান উন্নয়ন | সুশাসনের সহায়ক |



CamScanner

## অনুশীলনী

01. 'সুশাসন' শব্দটির ইংরেজি প্রতিশব্দ কী?
A. Good Government B. Good Governor
C. Good Gang D. Good Governance

02. 'ই-গভর্নেন্স' বলতে বোঝায়-
A. ইলেকটেড গভর্নেন্স B. ইলেক্টিভ গভর্নেন্স
C. ইজি গভর্নেন্স D. ইলেক্ট্রনিক গভর্নেন্স

03. 'E-Governance'এর পূর্ণরূপ কী?
A. Effective Government
B. Electable Government
C. Elected government
D. Electronic governance

04. ই-গভর্নেন্সকে বলে-
A. যোগাযোগের অবাধ প্রবাহ
B. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবাধ প্রবাহ
C. আইনের অবাধ প্রবাহ
D. বিচার বিভাগের স্বাধীনতা ও নিরপেক্ষতা

05. কে বা ভারতের কোন মুখ্যমন্ত্রী ই-গভর্নেন্সকে 'SMART গভর্নেন্স' বলে অভিহিত করেন?
A. মানিক সরকার B. জয় ললিতা
C. চন্দ্রবাবু নাইডু D. নীতিশ কুমার

06. 'E-Government'-এর মাধ্যমে কোন ধরনের সরকারকে বোঝানো হয়েছে?
A. গণতান্ত্রিক B. এককেন্দ্রিক
C. যুক্তরাষ্ট্রীয় D. ডিজিটাল

07. ই-সেবার অর্থ কোনটি?
A. Easy Service B. Effective Service
C. Electronic Service D. Elected Service

08. ই-গভর্নেন্স-এর মূল কাজ কোনটি?
A. নাগরিক সেবা বৃদ্ধি B. শিক্ষার উন্নয়ন
C. স্বাস্থ্য সেবার উন্নয়ন D.অর্থনৈতিক উন্নয়ন

09. ই-গভর্নেন্সের অন্যতম বাহন কোনটি?
A. ইউটিউব B. ফেসবুক
C. ই-মেইল D. ইন্টারনেট

10. G < C অর্থ-
A. Government to citizen
B. Government to citizenship
C. Government to civil society
D. Government to civil servant

11. ই-গভর্নেন্সের স্তম্ভ কয়টি?
A. ২ B. ৩
C. ৪ D. ৫

12. ই-গভর্নেন্স কোন প্রতিষ্ঠানের কাজের স্বচ্ছতা নিশ্চিত করে?
A. ব্যক্তিগত B. শিক্ষা প্রতিষ্ঠানের
C. সাংস্কৃতিক D. সরকারি

13. E-Governance-এর মূল উদ্দেশ্য কী?
A. সুশাসন প্রতিষ্ঠা B. জনকল্যাণ
C. দক্ষতা বৃদ্ধি D. গতিশীলতা আনয়ন

14. G2C বলতে কী বোঝায়?
A. সরকার থেকে নাগরিক
B. সরকার থেকে নাগরিকতা
C. সরকার থেকে বেসরকারি লোকজন
D. সরকার থেকে সুশীল সমান

15. E-Governance-এর মাধ্যমে কোন ধরনের সরকারকে বোঝানো হয়েছে?
A. গণতান্ত্রিক B. এককেন্দ্রিক
C. যুক্তরাষ্ট্রীয় D. ডিজিটাল

16. ই-গভর্নেন্স বাস্তবায়নের প্রধান মাধ্যম কোনটি?
A. জনগণ B. সরকার
C. তথ্যপ্রযুক্তি D. রাজনৈতিক দল

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | D | 03 | D | 04 | B | 05 | C |
| 06 | D | 07 | C | 08 | A | 09 | D | 10 | A |
| 11 | C | 12 | D | 13 | A | 14 | A | 15 | D |
| 16 | C | | | | | | | | |



CamScanner

# পঞ্চম অধ্যায়: নাগরিক অধিকার ও কর্তব্য এবং মানবাধিকার

পৌরনীতি ও সুশাসনে 'অধিকার' বলতে বোঝায় সমাজের সকলের জন্য কল্যাণকর কতগুলো সুযোগ-সুবিধা। অপরদিকে, অধিকার ভোগের বিনিময়ে একজন নাগরিককে বেশ কিছু দায়িত্ব পালন করতে হয়। এসব দায়িত্বকেই নাগরিকের 'কর্তব্য' বলা হয়।



'Citizen' শব্দটি একটি ল্যাটিন শব্দ, যার বাংলা অর্থ 'নাগরিক'

## অধিকারের বৈশিষ্ট্য

- ☞ অধিকারের ধারণা মানুষের সামাজিক চেতনাবোধ থেকে উদ্ভূত।
- ☞ অধিকার সমাজ ও রাষ্ট্র কর্তৃক অনুমোদিত, স্বীকৃত ও সংরক্ষিত।
- ☞ সমাজ পরিবর্তনের সাথে সাথে অধিকারও পরিবর্তিত হয়।
- ☞ অধিকারের মূল লক্ষ্য হচ্ছে **ব্যক্তির সর্বজনীন কল্যাণ সাধন।**
- ☞ অধিকার সর্বজনীন (Universal)।
- ☞ অধিকার হচ্ছে কতগুলো সুযোগ-সুবিধা।
- ☞ **অধিকার অসীম বা অবাধ নয়।**

## অধিকারের শ্রেণিবিভাগ

অধিকারকে প্রথমে ২ ভাগে ভাগ করা যায়।




### (১) নৈতিক অধিকার

নৈতিক অধিকার বলতে আমরা সেসব অধিকারকে বুঝি যা নৈতিকতা বা ন্যায়বোধ থেকে উদ্ভূত। সমাজের নৈতিকতা বা ন্যায়বোধ থেকে নৈতিক অধিকারের উদ্ভব। নৈতিক অধিকার রাষ্ট্র কর্তৃক প্রবর্তিত নয়। যেমন- দরিদ্রের সাহায্য পাবার অধিকার, পিতা-মাতা কর্তৃক সন্তান লালন-পালন ও তাদের ভরণপোষণের অধিকার ইত্যাদি।

### (২) আইনগত অধিকার

আইনগত অধিকার বলতে ব্যক্তির সেসব অধিকারকে বোঝায় যা রাষ্ট্র কর্তৃক স্বীকৃত এবং অনুমোদিত। আইনগত অধিকারের উৎস হচ্ছে রাষ্ট্র। জীবন ধারণের অধিকার, সম্পত্তির অধিকার, শিক্ষার অধিকার, চাকরির অধিকার ইত্যাদি আইনগত অধিকারের পর্যায়ভুক্ত।

**আইনগত অধিকারকে কয়েক ভাগে ভাগ করা হয়। যথা-**




### (ক) সামাজিক অধিকার

- ☞ জীবনের অধিকার
- ☞ সম্পত্তির অধিকার**
- ☞ ব্যক্তি স্বাধীনতার অধিকার
- ☞ চিন্তা ও মত প্রকাশের অধিকার
- ☞ সভা-সমিতির অধিকার
- ☞ চলাফেরার অধিকার
- ☞ সংবাদপত্রের স্বাধীনতা
- ☞ চুক্তি সম্পাদনের অধিকার
- ☞ আইনের চোখে সমানাধিকার
- ☞ ধর্মের অধিকার
- ☞ পরিবার গঠনের অধিকার
- ☞ শিক্ষা লাভের অধিকার
- ☞ নিজস্ব সংস্কৃতি ও ভাষার অধিকার
- ☞ খ্যাতি বা সম্মান লাভের অধিকার
- ☞ অর্থনৈতিক ও সামাজিক সুবিচার লাভের অধিকার

- ❑ **জীবনের অধিকার:** জীবনের অধিকার বা আত্মরক্ষার অধিকার নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- ❑ **সম্পত্তির অধিকার:** প্রত্যেক নাগরিকের সম্পত্তি অর্জন, ভোগ দখল, বিক্রি ও হস্তান্তর করার অধিকার থাকবে। রাষ্ট্র সম্পত্তি ভোগের নিরাপত্তা বিধান করবে।

- ❑ **ব্যক্তি স্বাধীনতার অধিকার:** কোনো ব্যক্তিকে বিনা বিচারে আটক বা শাস্তিদান করা যাবে না।
- ❑ **চিন্তা ও মত প্রকাশের অধিকার:** নাগরিকের স্বাধীনভাবে চিন্তা করার, মতামত প্রকাশ করার এবং আইন ও সংবিধান মেনে গঠনমূলক সমালোচনার অধিকার ব্যক্তির রয়েছে।

### (খ) অর্থনৈতিক অধিকার

- ☞ কর্মের অধিকার**
- ☞ ন্যায্য মজুরি লাভের অধিকার
- ☞ বিশ্রাম বা অবকাশ লাভের অধিকার
- ☞ শ্রমিক সংঘ বা ইউনিয়ন করার অধিকার
- ☞ বৃদ্ধ ও অক্ষম অবস্থায় অর্থনৈতিক নিরাপত্তা

- ❑ **কর্মের অধিকার:** যোগ্যতা অনুযায়ী কাজ পাওয়া এবং তা' করার ক্ষমতাকে কর্মের অধিকার বলে। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং কর্মসম্পাদনের উপযোগী পরিবেশ তৈরির দায়িত্ব রাষ্ট্রের।

### (গ) রাজনৈতিক অধিকার

- ☞ স্থায়ীভাবে বসবাসের অধিকার
- ☞ নির্বাচনের অধিকার**
- ☞ আবেদন করার অধিকার**
- ☞ সরকারি চাকরি লাভের অধিকার
- ☞ বিদেশে অবস্থানকালে নিরাপত্তা লাভের অধিকার
- ☞ সরকারের সমালোচনা করার অধিকার

- ❑ **নির্বাচনের অধিকার:** জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল নাগরিকের ভোট দেবার, নির্বাচনে প্রার্থী হবার অধিকার রয়েছে।
- ❑ **আবেদন করার অধিকার:** যেকোনো নাগরিকের অভাব-অভিযোগ, চাওয়া-পাওয়া ইত্যাদি লিখিত আকারে রাষ্ট্রীয় কর্তৃপক্ষের নিকট জানানোর অধিকার রয়েছে।

### (ঘ) ধর্মীয় অধিকার

ধর্মীয় অধিকার বলতে প্রত্যেক নাগরিকের ইচ্ছামত ধর্মমত গ্রহণ, ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন ও ধর্মীয় মতামত প্রকাশ সংক্রান্ত অধিকার বোঝায়।

### (ঙ) ব্যক্তিক অধিকার

ব্যক্তি স্বাধীনতার অধিকার, চলাফেরার অধিকার, পরিবার সংগঠনের অধিকার, খ্যাতি লাভের অধিকার ইত্যাদি হচ্ছে ব্যক্তিক অধিকার।

### (চ) সাংস্কৃতিক অধিকার

সংস্কৃতি হচ্ছে নাগরিকের আত্মপরিচয়ের বাহন।

## অধিকারের রক্ষাকবচ

অধ্যাপক লাস্কির মতে, "জনগণের সার্বক্ষণিক সজাগ দৃষ্টি স্বাধীনতা বা অধিকারের সতর্ক প্রহরী।" রাষ্ট্রই নাগরিকের সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার প্রবর্তন ও তা সংরক্ষণ করে থাকে। গণতান্ত্রিক অধিকার সংরক্ষণের শর্তগুলোকে 'অধিকারের রক্ষাকবচ' বলে। এগুলো হলো-



অধ্যাপক লাস্কি একজন ইংরেজ রাজনৈতিক তাত্ত্বিক এবং অর্থনীতিবিদ ছিলেন।

- আইন**
- আইনের অনুশাসন
- গণতন্ত্র
- বিচার বিভাগের স্বাধীনতা
- সংবিধানে মৌলিক অধিকারের ঘোষণা
- জনগণের সজাগ দৃষ্টি**

- ❑ **আইন:** অধিকারের প্রধান রক্ষাকবচ।
- ❑ **জনগণের সজাগ দৃষ্টি:** নাগরিক অধিকারের সর্বশ্রেষ্ঠ রক্ষাকবচ।

## নাগরিকের তথ্য অধিকার

রোমান সম্রাট জুলিয়াস সিজারের আমলে তথ্য অধিকার-এর ধারণার উদ্ভব ঘটে। **'তথ্য অধিকার'** বিষয়টি আইনে পরিণত হয় সর্বপ্রথম **সুইডিশ পার্লামেন্টে**। ১৭৬৬ সালে সুইডিশ পার্লামেন্ট সর্বপ্রথম **'Ordinance on Freedom of Writing and of the Press'** নামে আইনটি পাস করে।



'এলাম, দেখলাম, জয় করলাম' বা 'Veni, Vidi, Vici'-বিখ্যাত এই উক্তিটি জুলিয়াস সিজারের।

- ❑ এছাড়াও ১৯৬৬ সালে যুক্তরাষ্ট্র, ১৯০৫ সালে ব্রিটিশ ভারত, ২০০০ সালে গ্রেট ব্রিটেন, এবং ২০০৯ সালে বাংলাদেশ **'তথ্য অধিকার আইন'** পাস করে।

### তথ্য অধিকার আইনের প্রাধান্য

'তথ্য অধিকার আইন'-এর **'চতুর্থ ধারায়'** নাগরিকের তথ্য লাভের অধিকার সম্পর্কে বলা আছে।



CamScanner

## তথ্য প্রদান পদ্ধতি

- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক **২০ কার্য দিবসের** মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।
- অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক **৩০ কার্য দিবসের** মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে হবে।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোনো কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন **প্রাপ্তির ১০ কার্য দিবসের** মধ্যে তিনি তা অনুরোধকারীকে অবহিত করবেন।
- অনুরোধকৃত তথ্য কোনো ব্যক্তির জীবন মৃত্যু, গ্রেফতার এবং কারাগার হতে মুক্তি সম্পর্কিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির **২৪ ঘণ্টার মধ্যে** উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন।

## নাগরিকের কর্তব্য : ধারণা ও গুরুত্ব

**অধ্যাপক আর. সি. আগরওয়াল এর মতে,** 'কর্তব্য হলো একটি সমাজ বা রাষ্ট্রে সদস্যদের প্রতি এক ধরনের বাধ্যবাধকতা।'

**অধ্যাপক হ্যারল্ড জে. লাস্কি এর মতে,** "কর্তব্য বলতে ব্যক্তি, সমাজ ও রাষ্ট্রের সর্বাঙ্গীণ কল্যাণের জন্য কোনো কিছু করা বা না করার অধিকারকে বোঝায়।

## নাগরিকের কর্তব্যসমূহ

• রাষ্ট্রের প্রতি আনুগত্য • আইন মান্য করা • সততার সাথে ভোটাধিকার প্রয়োগ করা • সৎ ও যোগ্য নেতৃত্ব নির্বাচন • নিয়মিত কর প্রদান • রাষ্ট্রের সেবা করা • সন্তানদের শিক্ষাদানের ব্যবস্থা করা • অন্যান্য কর্তব্য • পরিবারের প্রতি দায়িত্ব • সমাজের প্রতি কর্তব্য • আন্তর্জাতিক ক্ষেত্রে দায়িত্ব ও কর্তব্য

*****সততার সাথে ভোটাধিকার প্রয়োগ করা:** গণতান্ত্রিক শাসনব্যবস্থায় ভোটের মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচিত হয়।*

## কর্তব্যের শ্রেণিবিভাগ বা প্রকারভেদ

### সামাজিক কর্তব্য

সামাজিক সম্প্রীতি গড়ে তোলা এবং তা বজায় রাখা, সামাজিক প্রতিষ্ঠান গঠন এবং পরিচালনা করা, সামাজিক অনুষ্ঠান আয়োজন এবং অংশগ্রহণ করা, সন্তান-সন্ততিকে শিক্ষিত ও সংস্কৃতিবান করে গড়ে তোলা, সামাজিক সচেতনতা বৃদ্ধি করার ক্ষেত্রে দায়িত্ব পালন করা ইত্যাদি হলো একজন নাগরিকের সামাজিক দায়িত্ব।

### রাজনৈতিক কর্তব্য

রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রদর্শন করা, রাষ্ট্রপ্রণীত আইন মেনে চলা, সততা ও সতর্কতার সাথে ভোটাধিকার প্রয়োগ করা, স্থানীয় ও জাতীয় পর্যায়ে রাজনৈতিক ও প্রশাসনিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা, প্রয়োজনে রাষ্ট্রের ডাকে সাড়া দিয়ে স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় এগিয়ে আসা প্রভৃতি।

### অর্থনৈতিক কর্তব্য

কর্মক্ষম সকল নাগরিকের রাষ্ট্রীয় উৎপাদন ও উন্নয়নে অংশগ্রহণ করা, নিয়মিত খাজনা ও কর প্রদান করা প্রভৃতি হলো একজন মানুষের অর্থনৈতিক কর্তব্য।

## অন্যান্য কর্তব্য

### নৈতিক কর্তব্য

ব্যক্তি ও সমাজের নীতিবোধ থেকে যে কর্তব্য জন্ম নেয় এবং যা নাগরিক স্বেচ্ছায় স্বতঃস্ফূর্তভাবে পালন করে থাকে তাকে নৈতিক কর্তব্য বলে। যেমন- বাবা-মা ও শিক্ষককে শ্রদ্ধা করা, ভিক্ষুককে ভিক্ষা দেয়া, দরিদ্রকে সাহায্য করা, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করা, দুর্যোগ মোকাবিলার জন্য রাষ্ট্রীয় ত্রাণ তহবিলে অর্থ দান করা ইত্যাদি।

### আইনগত কর্তব্য

যে কর্তব্য রাষ্ট্র কর্তৃক আরোপিত এবং রাষ্ট্রীয় আইন দ্বারা কার্যকরী করা হয় তাকে আইনগত কর্তব্য বলে। আইনগত কর্তব্য রাষ্ট্রের জন্য অপরিহার্য এবং নাগরিকের কল্যাণের জন্য অত্যাবশ্যক নিয়মিত কর দেওয়া, রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা, সততার সাথে ভোট প্রদান করা ইত্যাদি হলো আইনগত কর্তব্য।

## মানবাধিকার

ব্যক্তি সমাজ জীবনে যেসব সুযোগ-সুবিধার দাবিদার হয় এবং যা ছাড়া তার ব্যক্তিত্ব বিকশিত হতে পারে না, তাই 'মানবাধিকার'। মানবাধিকার মানুষের জন্মগত অধিকার। ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদে মৌলিক মানবিক অধিকারসমূহ গৃহীত ও ঘোষিত হয়। এর পরিপ্রেক্ষিতে ১০ ডিসেম্বর **'বিশ্ব মানবাধিকার দিবস'** পালিত হয়।



**"মানুষ স্বাধীন হয়ে জন্মগ্রহণ করে**

**(Man is born free)।"**

—জ্যা জ্যাক রুশো

- **মানবাধিকারের উৎস ও রক্ষক হলো-** জাতিসংঘ।
- **জাতিসংঘ ঘোষিত সর্বজনীন মানবাধিকারের ধারা আছে-** ৩০টি।
- **মৌলিক অধিকারের রক্ষক হলো-** সংবিধান।
- **অধিকার যদি অবাধ হয় তাহলে তা হবে-** স্বেচ্ছাচার।

## মৌলিক অধিকার ও মানবাধিকারের সম্পর্ক

জাতিসংঘ সনদের ৩ নম্বর ধারা থেকে ৩০ নম্বর ধারা পর্যন্ত প্রায় **২৮টি গুরুত্বপূর্ণ** মানবাধিকারের ঘোষণা দেয়া হয়েছে।

- মৌলিক অধিকারের উৎস হলো **রাষ্ট্রের সংবিধান**। অপরদিকে, মানবাধিকারের উৎস হলো **জাতিসংঘ**।
- মৌলিক অধিকারের রক্ষক হলো **রাষ্ট্র** এবং সংবিধান। অপরদিকে, মানবাধিকারের রক্ষক হলো **জাতিসংঘ**।
- মৌলিক অধিকার **রাষ্ট্রীয় অধিকার**, কিন্তু মানবাধিকার **আন্তর্জাতিক অধিকার**।

## মানবাধিকারসমূহ

- সকল মানুষই সম-মর্যাদা ও অধিকার নিয়ে জন্মগ্রহণ করে। অতএব সকলের প্রতি ভ্রাতৃসুলভ আচরণ করতে হবে **(ধারা-১)**।
- জাতি, গোত্র, বর্ণ, নারী-পুরুষ, ভাষা, ধর্ম, জন্ম নির্বিশেষে সকলেই জাতিসংঘ ঘোষণাপত্রে উল্লিখিত সকল অধিকারের অংশীদার **(ধারা-২)**।
- প্রত্যেক ব্যক্তির নিজের জীবন, স্বাধীনতা ও নিরাপত্তার অধিকার থাকবে **(ধারা-৩)**।
- প্রত্যেক ব্যক্তি স্বাধীন মতামত পোষণ ও প্রকাশ করতে পারবে **(ধারা-১৯)**।
- জাতিসংঘের ঘোষিত অধিকার ও স্বাধীনতা ধ্বংসকারী কোনো রাষ্ট্র, দল বা ব্যক্তির প্রতি এ ঘোষণা আরোপ করা চলবে না **(ধারা-৩১)**।

## অনুশীলনী

**01. বিদেশে নিরাপত্তা লাভ করা নাগরিকের কোন ধরনের অধিকার?**
A. সামাজিক B. নৈতিক
C. অর্থনৈতিক D. রাজনৈতিক

**02. অধিকারের প্রধান রক্ষাকবচ কোনটি?**
A. গণতন্ত্র B. আইন
C. প্রথা D. সংবাদপত্র

**03. 'খ্যাতি লাভের অধিকার' নাগরিকের কোন ধরনের অধিকার?**
A. সাংস্কৃতিক অধিকার B. সামাজিক অধিকার
C. রাজনৈতিক অধিকার D. অর্থনৈতিক অধিকার

**04. ভিক্ষুককে ভিক্ষা দেওয়া কোন ধরনের কাজ?**
A. ধর্মীয় B. অর্থনৈতিক
C. রাজনৈতিক D. সামাজিক

**05. কোনটি সকল অধিকারের উৎস?**
A. রাষ্ট্র B. সরকার
C. আইনসভা D. বিচার বিভাগ

**06. ভিক্ষা পাওয়ার অধিকার কোন ধরনের অধিকারের অন্তর্ভুক্ত?**
A. নৈতিক B. সামাজিক
C. রাজনৈতিক D. অর্থনৈতিক

**07. অধিকার যদি অবাধ হয় তাহলে তা হবে-**
A. কর্তব্য B. ন্যায়বিচার
C. গণতন্ত্র D. স্বেচ্ছাচার

**08. মৌলিক অধিকারের রক্ষক কে?**
A. বিচার বিভাগ B. ন্যায়পাল
C. সংবিধান D. প্রধানমন্ত্রী

**09. নিচের কোনটি কর্তব্যের পরিপূরক?**
A. অধিকার B. ভালোবাসা
C. সম্প্রীতি D. স্বাধীনতা

**10. মানবাধিকারের উৎস কোনটি?**
A. জাতিসংঘ B. সংবিধান
C. জাতীয় সংসদ D. বিচার বিভাগ

**11. মানবাধিকারের রক্ষক কে?**
A. সংবিধান B. জাতিসংঘ
C. নির্বাহী বিভাগ D. বিচার বিভাগ

**12. জাতিসংঘ ঘোষিত সর্বজনীন মানবাধিকারের কয়টি ধারা আছে?**
A. ২৮ B. ৩০ C. ৩২ D. ৩৪

**13. সাধারণভাবে অধিকারকে কয়টি প্রধান ভাগে ভাগ করা যায়? অথবা অধিকার প্রধানত কত প্রকার? অথবা, অধিকারের ধরন কয়টি?**
A. ২ B. ৩ C. ৪ D. ৫

**14. অধিকার অবাধ হলে কী ঘটবে?**
A. ব্যক্তি ও সমাজ উন্নত হবে
B. ন্যায়বিচার প্রতিষ্ঠা পাবে
C. গণতন্ত্র প্রাতিষ্ঠানিক রূপ লাভ করবে
D. স্বেচ্ছাচার প্রতিষ্ঠিত হবে

**15. অধিকার কাদের কল্যাণের জন্য?**
A. ব্যক্তির B. পরিবারের C. সকলের D. সাধারণের

**16. কারা শুধু সামাজিক অধিকার ভোগ করতে পারে, কি রাজনৈতিক অধিকার ভোগ করতে পারে না?**
A. বিদেশি B. দেশবাসী C. প্রজা D. উন্মাদ

**17. কোনটি সামাজিক অধিকার?**
A. সম্পত্তি ভোগের অধিকার B. কর্মের অধিকার
C. আবেদন করার অধিকার D. নির্বাচনে অংশগ্রহণের অধিকার

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | D | 02 | B | 03 | B | 04 | D | 05 | A |
| 06 | A | 07 | D | 08 | C | 09 | A | 10 | A |
| 11 | B | 12 | B | 13 | A | 14 | D | 15 | C |
| 16 | A | 17 | A | | | | | | |



CamScanner

18. নাগরিকের সামাজিক অধিকার কোনটি?
A. পরিবার গঠনের অধিকার
B. ন্যায্য মজুরি লাভের অধিকার
C. আবেদন করার অধিকার
D. ইচ্ছামত ধর্মমত গ্রহণের অধিকার

19. চলাফেরার স্বাধীনতা কোন ধরনের অধিকার?
A. সামাজিক B. অর্থনৈতিক
C. রাজনৈতিক D. সাংস্কৃতিক

20. স্থায়ীভাবে বসবাস করার অধিকার কোন ধরনের অধিকার?
A. সামাজিক B. রাজনৈতিক
C. অর্থনৈতিক D. নৈতিক

21. কোনটি নাগরিকের রাজনৈতিক অধিকার?
A. শিক্ষা লাভের অধিকার B. মত প্রকাশের অধিকার
C. চলাফেরার স্বাধীনতা D. ভোট প্রদানের অধিকার

22. রাজনৈতিক অধিকার নাগরিকের কোন শ্রেণির অধিকার?
A. সামাজিক B. নৈতিক
C. আইনগত D. অর্থনৈতিক

23. ভোটদান ব্যক্তির কোন ধরনের অধিকার?
A.আইনগত B. সামাজিক C. রাজনৈতিক D. নৈতিক

24. ভোটদান ও নির্বাচনে প্রার্থী হওয়া কোন ধরনের অধিকার?
A. সামাজিক B. রাজনৈতিক
C. নৈতিক D. অর্থনৈতিক

25. রাজনৈতিক আধিকার কোনটি?
A. খাদ্য B. চিকিৎসা C. শিক্ষা D. ভোটদান

26. অধিকার যদি অবাধ হয় তাহলে তা হবে-
A. কর্তব্য B. ন্যায়বিচার C. গণতন্ত্র D. স্বেচ্ছাচার

27. অধিকারের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ রক্ষাকবচ কোনটি?
A. গণতন্ত্র B. আইন
C. জনগণের সজাগ সৃষ্টি D. বিচার বিভাগের স্বাধীনতা

28. কর্তব্যের দাবি কীসের সীমা নির্ধারিত করে?
A. স্বাধীনতার B. ভালোবাসার
C. অধিকারের D. সম্প্রীতির

29. মৌলিক অধিকারের রক্ষাকবচ হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে কোনটি?
A. সংবিধান B. বিচার বিভাগ
C. পুলিশ D. ধর্মীয় বিধি

30. কোন অধিকার আজ মৌলিক অধিকারের রূপ লাভ করেছে?
A. খাদ্য B. বস্ত্র C. তথ্য D. চিকিৎসা

31. প্রাকৃতিক পরিবেশের উপাদান কোনটি?
A. নগর B. পাহাড়
C. শিল্প D. স্কুল-কলেজ

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 18 | A | 19 | A | 20 | B | 21 | D | 22 | C |
| 23 | C | 24 | B | 25 | D | 26 | D | 27 | B |
| 28 | C | 29 | A | 30 | C | 31 | B | | |

32. নাগরিকের প্রধান কর্তব্য কী?
A. রাষ্ট্রের সেবা করা
B. নিয়মিত কর প্রদান করা
C. রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রদর্শন
D. রাষ্ট্রের আইন মেনে চলা

33. নিচের কোনটি কর্তব্যের পরিপূরক?
A. অধিকার B. ভালোবাসা
C. সম্প্রীতি D. স্বাধীনতা

34. কত সালের, কত তারিখে জাতিসংঘ কর্তৃক মৌলিক বা সার্বজনীন মানবাধিকারসমূহ গৃহীত ও ঘোষিত হয়?
A. ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর B. ১৯৪৮ সালের ২০ ডিসেম্বর
C. ১৯৪৮ সালের ১৬ ডিসেম্বর D. ১৯৪৮ সালের ২৬ ডিসেম্বর

35. বিশ্ব মানবাধিকার দিবস কোনটি?
A. ৭ ডিসেম্বর B. ৮ ডিসেম্বর
C. ৯ ডিসেম্বর D. ১০ ডিসেম্বর

36. মানবাধিকার নিশ্চিত করার জন্য কোন ধরনের সরকার উপযোগী?
A. গণতন্ত্র B. একনায়কতন্ত্র C. সমাজতন্ত্র D. সামরিক তন্ত্র

37. মানবাধিকারের স্বীকৃতিদাতা প্রতিষ্ঠান কোনটি?
A. জাতিসংঘ B. বিচার বিভাগ
C. আন্তর্জাতিক আদালত D. শাসন বিভাগ

38. অধিকার ভোগের শর্ত কী?
A. যোগ্যতা B. দক্ষতা C. স্বাধীনতা D. কর্তব্য পালন

39. কোনটি সকল অধিকারের উৎস?
A. প্রধানমন্ত্রী B. সংবিধান C. ন্যায়পাল D. বিচার বিভাগ

40. বেকারত্ব থেকে মুক্তি লাভ কোন ধরনের সমস্যা?
A. রাজনৈতিক B. সামাজিক
C. অর্থনৈতিক D. আইনগত

41. আইনগত কর্তব্য কোনটি?
A. রাষ্ট্রীয় ত্রাণ তহবিলে অর্থদান B. ভিক্ষুককে শিক্ষা দেওয়া
C. নিয়মিত কর প্রদান D. সন্তানকে শিক্ষা দেওয়া

42. বাংলাদেশের তথ্য অধিকার আইন পাস হয় কত সালে?
A. ২০০৮ B. ২০০৯ C. ২০১০ D. ২০১১

43. বাস্তুচ্যুত রোহিঙ্গারা বাংলাদেশে শরণার্থী হিসেবে কোন ধরনের অধিকার ভোগ করছে?
A. সামাজিক B. অর্থনৈতিক
C. মানবাধিকার D. রাজনৈতিক

44. রাজনৈতিক স্বাধীনতার সঠিক উদাহরণ কোনটি?
A. শিক্ষা লাভ B. ভোটদান
C. পরিবার গঠন D. চাকুরি প্রাপ্তি

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 32 | C | 33 | A | 34 | A | 35 | D | 36 | A |
| 37 | A | 38 | D | 39 | B | 40 | C | 41 | C |
| 42 | B | 43 | C | 44 | B | | | | |



CamScanner

44. রাজনৈতিক অধিকার কোনটি?
A. চলাফেরার অধিকার
B. সভা-সমিতির অধিকার
C. সরকারি চাকরি লাভের অধিকার
D. ন্যায্য মজুরি লাভের অধিকার

45. নিচের কোনটি কর্তব্যের পরিপূরক?
A. অধিকার B. সম্প্রীতি
C. স্বাধীনতা D. নৈতিকতা

46. মানবাধিকারের স্বীকৃতিদাতা প্রতিষ্ঠান কোনটি?
A. স্ব স্ব রাষ্ট্র B. বিচার বিভাগ
C. আন্তর্জাতিক আদালত D. জাতিসংঘ

47. সন্তানদের শিক্ষা প্রদান করা কোন ধরনের কর্তব্য?
A. নৈতিক B. সামাজিক
C. রাজনৈতিক D. অর্থনৈতিক

48. মানবাধিকার বলতে এমন কতগুলো সুযোগ-সুবিধা বোঝায়, যা-
A. ব্যক্তিক বিকাশে সহায়ক B. রাষ্ট্রীয় আইন দ্বারা স্বীকৃত
C. রাষ্ট্রীয় সংবিধান কর্তৃক স্বীকৃত D. আন্তর্জাতিক আইন দ্বারা স্বীকৃত

49. নিচের কোনটি নাগরিকের প্রধান কর্তব্য?
A. কর প্রদান B. আনুগত্য প্রকাশ
C. ভোট প্রদান D. আইন মান্য করা

50. রাজনৈতিক অধিকার কোনটি?
A. খাদ্য B. চিকিৎসা C. শিক্ষা D. ভোটদান

51. সমাজে ছোটদের নিকট হতে বয়োজ্যেষ্ঠদের শ্রদ্ধালাভের দা[illegible] কোন অধিকারের অন্তর্ভুক্ত?
A. মৌলিক B. আইনগত C. সামাজিক D. নৈতিক

52. 'তথ্য অধিকার আইন' অনুযায়ী কতদিনের মধ্যে তথ্য কমিশ[illegible] গঠন করতে হবে?
A. ৬০ দিন B. ৭০ দিন C. ৯০ দিন D. ১২০ দিন

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 44 | C | 45 | A | 46 | D | 47 | B | 48 | A |
| 49 | B | 50 | D | 51 | D | 52 | C | | |

# ষষ্ঠ অধ্যায়: রাজনৈতিক দল, নেতৃত্ব ও সুশাসন

আধুনিক গণতন্ত্র হলো পরোক্ষ বা প্রতিনিধিত্বমূলক গণতন্ত্র। আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রগুলোতে জনগণ প্রতিনিধি নির্বাচন করে তাদের মাধ্যমে পরোক্ষভাবে শাসন কাজে অংশগ্রহণ করে। এই নির্বাচন অনুষ্ঠিত হয় 'দলীয় ভিত্তিতে'। **বর্তমান প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রকে তাই 'দলীয় সরকার' বলা হয়।**




## রাজনৈতিক দলের বৈশিষ্ট্যসমূহ




## রাজনৈতিক দল ও উপদল

রাজনৈতিক ক্ষেত্রে প্রায় **একই ধরনের দৃষ্টিসম্পন্ন** ব্যক্তিগণ নির্দিষ্ট কিছু কর্মসূচির ভিত্তিতে যখন মিলিত হয় বা একত্রিত হয় তখন তাকে **'রাজনৈতিক দল'** বলে। অপরদিকে দলের মধ্যেই যখন কিছু কিছু সদস্য দলীয় নীতি ও কর্মসূচির বিশেষ বিশেষ ক্ষেত্রে **দ্বিমত পোষণ** করে কিংবা সাধারণ স্বার্থের কথা ভুলে গিয়ে ক্ষুদ্র ব্যক্তিস্বার্থ উদ্ধারে ঐক্যবদ্ধ হয় তখন তাকে **'উপদল'** বা **'কুচক্রী' দল** বলে।

## গণতন্ত্রে রাজনৈতিক দলের কার্যাবলি

- রাষ্ট্রীয় সমস্যা নির্ধারণ
- নীতি-নির্ধারণ ও কর্মসূচি প্রণয়ন
- জনমত গঠন
- প্রচারণা
- ভোটারদের স্বার্থ সংরক্ষণ
- সরকার গঠন
- বিরোধী ভূমিকা পালন
- স্বেচ্ছাচার প্রতিরোধ
- রাজনৈতিক সামাজিকীকরণ
- শান্তিপূর্ণ ও সাংবিধানিক পদ্ধতিতে ক্ষমতা পরিবর্তন
- সরকারের বিভিন্ন বিভাগের মধ্যে সংযোগ সাধন
- জাতীয় ঐক্যবোধ সৃষ্টি
- সমাজতন্ত্র প্রতিষ্ঠা
- স্বার্থের একত্রীকরণ

## রাজনৈতিক দলের বিভিন্ন রূপ

সংখ্যার ভিত্তিতে দলীয় ব্যবস্থাকে প্রধানত ৩টি শ্রেণিতে বিভক্ত করা হয়। যথা-

| দলের ধরন | বিশেষ তথ্য | |
|---|---|---|
| একদলীয় ব্যবস্থা | কোনো দেশে যখন সাংবিধানিকভাবে একটি মাত্র রাজনৈতিক দল থাকে, তখন তাকে **'একদলীয় ব্যবস্থা'** বলে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পূর্বে জার্মানিতে হিটলারের **'নাৎসিদল'**, ইতালিতে মুসোলিনীর **'ফ্যাসিস্ট দল'** এবং ১৯১৭ সালে সোভিয়েত রাশিয়ায় একদলীয় সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা প্রবর্তিত হয়। |  মুসোলিনী ও হিটলার |
| দ্বি-দলীয় ব্যবস্থা | যখন কোনো দেশে প্রধানত দুটি রাজনৈতিক দল দেখতে পাওয়া যায়, তখন তাকে **'দ্বি-দলীয় ব্যবস্থা'** বলে। আমেরিকা যুক্তরাষ্ট্রে ডেমোক্রেটিক পার্টি ও রিপাবলিকান পার্টি এবং গ্রেট ব্রিটেনে রক্ষণশীল দল ও শ্রমিক দল দ্বি-দলীয় ব্যবস্থার উদাহরণ। |  রিপাবলিকান ও ডেমোক্রেটিক পার্টির প্রতীক |
| বহুদলীয় ব্যবস্থা | একটি গণতান্ত্রিক রাষ্ট্রে যখন দুটির বেশি দল রাজনৈতিক ক্ষমতা লাভের লড়াইয়ে কার্যকর ভূমিকা পালন করে, তখন তাকে **'বহুদলীয় ব্যবস্থা'** বলে। বহুদলীয় ব্যবস্থায় সাধারণত সাধারণ নির্বাচনে কোনো দলই একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারে না। ফলে নির্বাচনে জয় লাভের জন্য অনেকগুলো দলের সমন্বয়ে **'সম্মিলিত সরকার'** গঠিত হয়। |  |



CamScanner

## চাপসৃষ্টিকারী গোষ্ঠী

এ্যালান আর. বল বলেন, "সমমনোভাবাপন্ন সদস্যদের নিয়ে গঠিত গোষ্ঠীকে চাপসৃষ্টিকারী গোষ্ঠী বোঝায়। চাপসৃষ্টিকারী গোষ্ঠীকে এস.ই. ফাইবার 'লবি গ্রুপ' এবং এইচ. জিগলার 'Interest Group' বলে আখ্যায়িত করেছেন।

- সরকার ও জনসাধারণের সেতুবন্ধন হিসেবে কাজ করে- চাপসৃষ্টিকারী গোষ্ঠীসমূহ।
- চাপসৃষ্টিকারী গোষ্ঠীর অপরনাম- স্বার্থগোষ্ঠী।

## নেতৃত্ব

**দার্শনিক বার্ট্রান্ড রাসেলের মতে,** "নেতৃত্বের অপরিহার্য গুণ হলো আত্মবিশ্বাস এবং দ্রুত ও সার্বিক সিদ্ধান্ত গ্রহণের দক্ষতা।" **রবার্ট মিচেলস্** বলেন, "নেতৃত্বের অপরিহার্য গুণাবলি হলো ইচ্ছাশক্তি, ব্যাপক জ্ঞান, প্রবল আত্মবিশ্বাস ও স্বয়ংসম্পূর্ণতা।




### আরো জানতে হবে

- **'নেতৃত্ব' বলতে-** নেতার গুণাবলি বা যোগ্যতাকে বোঝায়।
- **নেতৃত্ব হচ্ছে-** সামাজিক গুণ ও নৈতিক গুণ।
- **নেতৃত্ব হলো এক ধরনের আধিপত্য-** বলেছেন কিম্বল ইয়ং।
- **নেতৃত্ব গঠিত ও বিকশিত হয়-** ৩টি উপাদানের সমন্বয়ে।
- **নেতৃত্বকে রবার্ট টিনেনব্যম অভিহিত করেন-** An act of influencing others.
- **প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের 'বিকল্প সরকার' বলা হয়-** বিরোধী দলকে।
- **রাজনৈতিক দলের অন্যতম প্রধান কাজ-** প্রার্থী মনোনয়ন।
- **'রাজনৈতিক জোট' গড়ে ওঠার প্রবণতা দেখা যায়-** বহুদলীয় শাসনব্যবস্থায়।
- **বর্তমান সময়ে গণতন্ত্রের অপরনাম-** দলীয় শাসন।
- **রাজনৈতিক দলের প্রধান উদ্দেশ্য-** ক্ষমতায় আরোহণ করা।
- **সম্মোহনী নেতৃত্ব প্রকৃতপক্ষে-** জাদুকরি নেতৃত্ব।

## নেতৃত্বের প্রকারভেদ

### বিশেষজ্ঞসুলভ নেতৃত্ব

একজন চিকিৎসক বা একজন অধ্যাপক তাঁর পেশার সাফল্য দ্বারা মানুষকে প্রভাবিত করতে পারেন, ভালোবাসা অর্জন করতে পারেন; যা বিশেষজ্ঞসুলভ নেতৃত্ব।

### রাজনৈতিক নেতৃত্ব

রাজনৈতিক নেতৃত্ব তার কাজ দ্বারা, ত্যাগ-তিতিক্ষা দ্বারা জনগণের আস্থা অর্জন করেন।

### সম্মোহনী নেতৃত্ব

কোনো বিশেষ নেতা যখন তাঁর বক্তব্য ও কাজ দ্বারা জনগণকে ভীষণভাবে সম্মোহিত, অনুপ্রাণিত ও উদ্বুদ্ধ করতে সক্ষম হন, তখন সেই নেতৃত্বকে **'সম্মোহনী নেতৃত্ব বা যাদুকরী নেতৃত্ব'** বলা হয়। সমাজবিজ্ঞানী ম্যাক্স ওয়েবার সর্বপ্রথম সম্মোহনী নেতৃত্বের ধারণা প্রদান করেন। ব্রিটিশ ভারতে মহাত্মা গান্ধী, বাংলাদেশে শেরে বাংলা এ. কে. ফজলুল হক্, মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী, জাতির পিতা **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান**, ইরানের আয়াতুল্লাহ খোমিনী প্রমুখের নেতৃত্বকে 'যাদুকরী বা সম্মোহনী নেতৃত্ব' বলা যেতে পারে।

### সর্বাত্মকবাদী নেতৃত্ব

সর্বাত্মকবাদী রাষ্ট্রে এরূপ নেতৃত্ব গড়ে ওঠে। আমলাতন্ত্রেও এরূপ নেতৃত্ব লক্ষ্য করা যায়।

### সনাতন নেতৃত্ব

এ ধরনের নেতৃত্ব সর্বাত্মক, ব্যক্তিভিত্তিক এবং তা একটি নিষ্ক্রিয় অদক্ষ গোষ্ঠীর ওপর নিয়ন্ত্রণ বজায় রাখার সর্বাত্মক চেষ্টা করে।

## অনুশীলনী

**01. প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রে 'বিকল্প সরকার' বলা হয় কাকে?**
A. সরকারি দলকে B. সামরিক বাহিনীকে
C. বিরোধী দলকে D. সচিবালয়কে

**02. রাজনৈতিক দলের অন্যতম প্রধান কাজ কী?**
A. চাঁদা ওঠানো B. প্রার্থী মনোনয়ন
C. নিজ নিজ দলের গুণকীর্তন করা
D. ভোটারদের স্বার্থের পরিবর্তে নিজ দলীয় নেতাদের স্বার্থ সংরক্ষণ

**03. 'রাজনৈতিক জোট' গড়ে ওঠার প্রবণতা দেখা যায় কী ধরনের শাসনব্যবস্থায়?**
A. একদলীয় ব্যবস্থায় B. দ্বিদলীয় ব্যবস্থায়
C. বহুদলীয় ব্যবস্থায় D. যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায়

**04. নেতৃত্ব বলতে কী বোঝায়?**
A. নেতার ক্ষমতা B. নেতার দাপট
C. নেতার গুণাবলি D. নেতার হটকারী সিদ্ধান্ত

**05. নেতার কোন গুণকে নেতৃত্ব বলে?**
A. সামাজিক B. রাজনৈতিক C. অর্থনৈতিক D. নৈতিক

**06. রাজনৈতিক দলের প্রধান উদ্দেশ্য কোনটি?**
A. জনমত গঠন B. কর্মসূচি প্রণয়ন
C. সমস্যা নির্ধারণ D. ক্ষমতায় আরোহণ করা

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | C | 02 | B | 03 | C | 04 | C | 05 | A |
| 06 | D | | | | | | | | |

**07. বর্তমান প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক সরকারকে 'দলীয় সরকার' বলা হয় কেন?**
A. নির্বাচন হয় দলীয় ভিত্তিতে
B. নির্বাচন হয় জনমতের ভিত্তিতে
C. নির্বাচন হয় মতের ভিত্তিতে
D. নির্বাচন হয় জনগণের ইচ্ছার ভিত্তিতে

**08. নেতৃত্ব হচ্ছে-**
A. অর্থনৈতিক গুণ B. সামাজিক গুণ
C. রাজনৈতিক গুণ D. কোনোটিই নয়

**09. গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় কোনটির ভূমিকা বেশি গুরুত্বপূর্ণ?**
A. চাপসৃষ্টিকারী গোষ্ঠী B. রাজনৈতিক দল
C. উপদল D. কুচক্রী দল

**10. প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রের মূলভিত্তি কী?**
A. ছাত্র সংগঠন B. রাজনৈতি দল
C. জাতীয় সংসদ D. আমলাতন্ত্র

**11. কিছু স্বার্থান্বেষী ব্যক্তিকে নিয়ে কী গড়ে ওঠে?**
A. রাজনৈতিক দল B. উপদল C. প্রতিষ্ঠান D. সচিবালয়

**12. রাজনৈতিক সামাজিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?**
A. রাজনৈতিক দল B. চাপ সৃষ্টিকারী গোষ্ঠী
C. জনগণ D. সরকার

**13. গণতান্ত্রিক শাসনব্যবস্থায় নির্বাচনের সময় বিভিন্ন কর্মসূচি প্রকাশ করে কারা?**
A. জনগণ B. বেসরকারি প্রতিষ্ঠান
C. চাপ সৃষ্টিকারী দল D. রাজনৈতিক দল

**14. জনগণ ও সরকারের মধ্যে সেতু বন্ধনের কাজ করে কোনটি?**
A. চাপ সৃষ্টিকারী গোষ্ঠী B. রাজনৈতিক দল
C. সরকার D. জনগণ

**15. রাজনৈতিক দল ও গণতন্ত্রের মধ্যে সম্পর্ক কীরূপ?**
A. বৈরী সম্পর্ক B. কোনো সম্পর্ক নেই
C. পরস্পরবিরোধী সম্পর্ক D. ঘনিষ্ট সম্পর্ক

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 07 | A | 08 | B | 09 | B | 10 | B | 11 | B |
| 12 | A | 13 | D | 14 | A | 15 | D | | |

**16. রাজনৈতিক দলের মতাদর্শ নিহিত থাকে কোথায়?**
A. রাষ্ট্রের সংবিধানে B. দলের কর্মসূচির মধ্যে
C. দলীয় নেতাদের বক্তৃতার মধ্যে D. দলীয় কর্মীদের মধ্যে

**17. দেশপ্রেম ও ত্যাগের মধ্যে দেশবাসী শেখ মুজিবুর রহমানকে কোন উপাধিতে ভূষিত করে?**
A. দেশবন্ধু B. বঙ্গরত্ন C. বঙ্গবন্ধু D. বঙ্গবিবেক

**18. সর্বভারতীয় জাতীয়তাবাদী আন্দোলন গড়ে ওঠে কাঁর নেতৃত্বে?**
A. মহাত্মা গান্ধীর B. জওয়াহেরলাল নেহেরু
C. ইন্দিরা গান্ধী D. সোনিয়া গান্ধী

**19. আব্রাহাম লিঙ্কন কে ছিলেন?**
A. আমেরিকার যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট
B. ব্রিটিশ প্রধানমন্ত্রী
C. কানাডার প্রধানমন্ত্রী D. জার্মানির চ্যান্সেলর

**20. আমলারা কোন ধরনের নেতৃত্বের অধিকারী?**
A. বিশেষজ্ঞ B. রাজনৈতিক C. সনাতন D. সর্বাত্মকবাদী

**21. রাজনৈতিক দল বলতে কোনটিকে বোঝায়?**
A. একদল লোক B. আবাহনী সমর্থকগণ
C. সংঘবদ্ধ একদল লোক D. স্বার্থান্বেষী একদল লোক

**22. রাজনৈতিক দল কীসের ভিত্তিতে গড়ে ওঠে?**
A. নীতি ও কর্মসূচির ভিত্তিতে B. বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ভিত্তিতে
C. ন্যায়নীতির ভিত্তিতে D. ভ্রাতৃত্ববোধের ভিত্তিতে

**23. কারা নেতার প্রতি অন্ধভক্তি ও আনুগত্য প্রদর্শন করেন?**
A. সরকারি কর্মচারিগণ B. সেনা সদস্যগণ
C. রাজনৈতিক দলের সমর্থক ও কর্মীগণ
D. দেশের সকল জনগণ

**24. দেশ ও জাতির ভবিষ্যতের ভালোর জন্য নেতার কোন গুণটি থাকতে হবে?**
A. প্রজ্ঞা B. দূরদৃষ্টি C. ন্যায়বোধ D. সংযম

**25. নেতার সিদ্ধান্তের আলোচনা-সমালোচনা করা যায় কোন ধরনের নেতৃত্বে?**
A. সম্মোহনী নেতৃত্বে B. গণতান্ত্রিক নেতৃত্বে
C. সনাতন নেতৃত্বে D. সর্বাত্মকবাদী নেতৃত্বে

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 16 | B | 17 | C | 18 | A | 19 | A | 20 | A |
| 21 | C | 22 | A | 23 | C | 24 | B | 25 | B |



CamScanner

# সপ্তম অধ্যায়: সরকার কাঠামো ও সরকারের অঙ্গসমূহ

**জনসমষ্টি, নির্দিষ্ট ভূ-খণ্ড, সরকার ও সার্বভৌমত্ব** এই ৪টি উপাদান নিয়ে রাষ্ট্র গঠিত হয়। এই চারটির মধ্যে সরকার হলো রাষ্ট্রের একটি গুরুত্বপূর্ণ উপাদান। সরকার একটি বাস্তব রাজনৈতিক প্রতিষ্ঠান এবং রাষ্ট্রের মুখপাত্র। গণতন্ত্র সম্পর্কে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট **আব্রাহাম লিঙ্কনের** বিখ্যাত উক্তি, **"গণতন্ত্র হচ্ছে জনগণের কল্যাণের জন্য, জনগণের দ্বারা পরিচালিত, জনপ্রতিনিধিত্বমূলক শাসনব্যবস্থা।"** (Democracy is a government of the people, by the people and for the people.)



আব্রাহাম লিঙ্কন মার্কিন যুক্তরাষ্ট্রের ১৬তম প্রেসিডেন্ট

## সরকারের শ্রেণিবিভাগ




## গণতান্ত্রিক সরকার

গণতন্ত্রে সকল রাষ্ট্রীয় ক্ষমতার উৎস জনগণ। গণতন্ত্রের ইংরেজি প্রতিশব্দ Democracy, যা **গ্রিক শব্দ Demos (জনগণ)** এবং **Kratos/Kratia (শাসন ক্ষমতা)** থেকে আগত। সুতরাং শব্দগত দিক থেকে গণতন্ত্রের অর্থ হলো **'জনগণের শাসন ক্ষমতা'**। গণতন্ত্র ২ প্রকার হতে পারে; **যথা- (i) প্রত্যক্ষ গণতন্ত্র, (ii) পরোক্ষ গণতন্ত্র।**

### (i) প্রত্যক্ষ গণতন্ত্র

প্রত্যক্ষ বা বিশুদ্ধ গণতন্ত্রে নাগরিকগণ রাষ্ট্রীয় কার্যাবলিতে সরাসরি অংশগ্রহণ করে থাকে। প্রাচীন গ্রিসের ক্ষুদ্র ক্ষুদ্র নগরাষ্ট্রগুলোতে প্রত্যক্ষ গণতন্ত্র প্রচলিত ছিল। সুইজারল্যান্ডের পাঁচটি ক্যান্টন এবং আমেরিকার যুক্তরাষ্ট্রের নিউ ইংল্যান্ডস্থিত কয়েকটি শহরে এখনও প্রত্যক্ষ গণতন্ত্রের আংশিক প্রয়োগ লক্ষ্য করা যায়।

### (ii) পরোক্ষ গণতন্ত্র

আধুনিক গণতন্ত্র হচ্ছে প্রতিনিধিত্বমূলক গণতন্ত্র। আর আধুনিক প্রতিনিধিত্বমূলক গণতন্ত্র হচ্ছে দায়িত্বশীল শাসনব্যবস্থা। নির্বাচিত গণপ্রতিনিধি ও সরকার যেন সবসময়ই জনগণের নিকট জবাবদিহি করতে বাধ্য থাকে এজন্য পরোক্ষ প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রেও প্রত্যক্ষ গণতান্ত্রিক পদ্ধতি কার্যকর হতে দেখা যায়। এ পদ্ধতিগুলো হচ্ছে- **গণনির্দেশ, গণউদ্যোগ, পদচ্যুতি এবং গণভোট।**

## একনায়কতান্ত্রিক সরকার

গণতন্ত্রের বিপরীতধর্মী শাসনব্যবস্থা হলো একনায়কতন্ত্র। একনায়কতন্ত্র হলো এমন একধরনের শাসব্যবস্থা যেখানে সরকারের সমস্ত ক্ষমতা এক ব্যক্তি, এক দল বা একনায়কের হাতে কুক্ষিগত থাকে। একনায়কতন্ত্র **"এক জাতি, এক দল ও এক নেতা"**-এই নীতিতে বিশ্বাসী। প্রথম বিশ্বযুদ্ধের পর স্পেনে ফ্রাঙ্কো, জার্মানিতে হিটলার ও ইতালিতে মুসোলিনী একনায়কতন্ত্র প্রতিষ্ঠা করে। একনায়কতন্ত্র একক আদর্শবাদের প্রতি বিশ্বাসী হয়।



CamScanner

## প্রজাতান্ত্রিক সরকার

যে শাসনব্যবস্থা বা সরকার ব্যবস্থায় রাষ্ট্রপ্রধান জনগণের দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচিত হয়, তাকে 'প্রজাতন্ত্র' বলে।

## সংসদীয় বা মন্ত্রিপরিষদ শাসিত সরকার

যে শাসনব্যবস্থায় শাসন বিভাগ তাদের কাজের জন্য সংসদ বা আইনসভার নিকট দায়ী থাকে, তাকে মন্ত্রিপরিষদ শাসিত সরকার বলে। **যুক্তরাজ্য, ভারত, বাংলাদেশ, জাপান, জার্মানি** প্রভৃতি দেশে সংসদীয় সরকার প্রচলিত রয়েছে।

**আরো জানতে হবে**

- **সংসদীয় সরকারের প্রধান হলেন-** প্রধানমন্ত্রী।
- **সংসদীয় গণতন্ত্র প্রথম চালু হয়-** ইংল্যান্ডে।
- **সংসদীয় সরকার ব্যবস্থায় নিয়মতান্ত্রিক পদ হলো-** রাষ্ট্রপতি।

## রাষ্ট্রপতি শাসিত সরকার

- রাষ্ট্রের শাসন পরিচালনার ক্ষমতা রাষ্ট্রপতির হাতে ন্যস্ত থাকে
- রাষ্ট্রপতি সাধারণ আইনসভার নিকট দায়ী থাকেন না।
